৩৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 2 ৯ 1999 ......
পৃঃ ৪ কলাম ৬......

## চতুর্থ শ্রেণীর বাংলা বইয়ের ভুল

চতুর্থ শ্রেণীর বাংলা পাঠ্য 'আমার বই'-এ 'ঢাকার চিঠি' শীর্ষক অংশে লালবাগ কেল্লার নির্মাতার নাম লেখা হইয়াছে আজম খাঁ। ইহা ভুল। শুদ্ধ হইবে আজম শাহ। প্রিন্স আজম বলিলেও ভুল হইবে না। কিন্তু আজম খাঁ কখনো শুদ্ধরূপে বিবেচিত হইবেনা। আওরঙ্গজেবের পুত্র আজম শাহ। মোঘল ডাইন্যাস্টিতে কেহ খাঁ বা খান ছিলেন না। 'খাঁ'- এই শব্দটির জন্য ইতিহাস বিকৃত হইয়া যায়। ভুলটি ছোট কিন্তু মারাত্মক! এই ভুল সংশোধন করিয়া নেওয়া শিক্ষক-শিক্ষার্থীদের জন্য আবশ্যক তাহাছাড়া এই বইয়ে ই-কার (ি) এবং ঈ-কার (ী) অসংখ্যবার ভুলভাবে ব্যবহার করা হইয়াছে। দুইটি উদাহরণ দিতেছি, 'কুনোব্যাঙ টুনটুনিকে কি খবর দিয়েছিল'? 'বুড়ী হাতির বিরুদ্ধে কি নালিশ করল'? এই দুইটি প্রশ্নে 'কী' ঈ-কার দিয়া লিখিতে হইবে, অন্যথায় অর্থ ভিন্ন হইবে। উল্লিখিত ভুলগুলি পরবর্তী সংস্করণে সংশোধনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

দুদু জহিরুল ইসলাম,
৫২১/১ পেয়ারাবাগ, ঢাকা-১২১৭।